গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
চট্টগ্রাম
deo.chittagong.gov.bd

স্মারক নং : ৩৭.০২.১৫০০.০০০.৩৫. ১২৭৩.২৪ তারিখ : ২৩/০৯/২০২৪ খ্রি.

বিষয় : স্কাউটিং,গাইডিং,রোভারিং ও রেঞ্জারিং পরিচালনা কার্যক্রমে অর্থ আদায় ও ব্যবস্থাপনা সংক্রান্ত পত্র প্রেরণ।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৪.২৪.১৯০, তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সকল উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে জানানো যাচ্ছে যে,তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জেলার ২০২৩ ও ২০২৪ শিক্ষা বর্ষের স্কাউটিং,গাইডিং,রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে অর্থ আদায় ও ব্যবস্থাপনা সংক্রান্ত পত্রের আলোকে জেলা শিক্ষা অফিসার এর অনুকূলে ফি জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : স্কাউটিং,গাইডিং,রোভারিং ও রেঞ্জারিং পরিচালনা কার্যক্রমে অর্থ আদায় ও ব্যবস্থাপনা সংক্রান্ত পরিপত্র ।

২৩.৯.২৪

( উত্তম খীসা )
জেলা শিক্ষা অফিসার
চট্টগ্রাম

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
চট্টগ্রাম জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা।
২। আঞ্চলিক উপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,চট্টগ্রাম অঞ্চল,চট্টগ্রাম।
৩। অফিস কপি।

TSEO/USEO

২০২৬ ও ২০২৪ শিক্ষাবর্ষে সেশন চার্জের ফি জেলা শিক্ষা অফিসারের অনুকূলে প্রেরণ করা প্রয়োজন।

(স্বাক্ষর) ২৬/৯/২৪

(উত্তম খীসা)
জেলা শিক্ষা অফিসার
চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৪.২৪.১৯০

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ / ০৫ সেপ্টেম্বর ২০২৪

## পরিপত্র

বিষয়: স্কাউটিং, গাইডিং, রোভারিং ও রেঞ্জারিং পরিচালনা কার্যক্রমে অর্থ আদায় ও ব্যবস্থাপনা সংক্রান্ত।

সকল শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম একটি স্কাউট (ছেলে ও মেয়ে) দল, রোভার স্কাউট (ছেলে ও মেয়ে) দল, গার্ল গাইড ও রেঞ্জার দল গঠন করার সরকারি সিদ্ধান্ত রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউটস ও গার্ল গাইডস্ এসোসিয়েশন দেশব্যাপী স্কাউটিং ও গাইডিং কার্যক্রম পরিচালনা এবং বাস্তবায়নের লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। পরিকল্পিতভাবে স্কাউটিং, গাইডিং, রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে সার্বিক বিবেচনায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

### প্রথম অধ্যায়

১.১ শিক্ষার্থীদের জন্য স্কাউট (ছেলে ও মেয়ে) দল এবং গার্ল গাইড দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" এবং গাইডের "গঠন ও বিধি" অনুযায়ী স্কাউট (ছেলে ও মেয়ে) দল ও গার্ল গাইড কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে।

১.২ সহশিক্ষা চালু আছে এমন বিদ্যালয়, সমমানের মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে ছাত্রদের জন্য অন্তত: দুইটি স্কাউট দল, ছাত্রীদের জন্য একটি গার্ল ইন স্কাউটিং দল এবং একটি গার্ল গাইড দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" এবং গাইডের "গঠন ও বিধি" অনুযায়ী স্কাউটিং ও গার্ল গাইডিং কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে।

১.৩ স্কাউটিং ও গাইডিং কার্যক্রম যথাযথ বাস্তবায়ন সম্পর্কীয় বিভিন্ন খরচ নির্বাহের লক্ষ্যে সকল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, সমমানের মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে সেশনের শুরুতে আবশ্যিকভাবে মাথা পিছু ৪০.০০ (চল্লিশ) টাকা হারে স্কাউট (ছেলে ও মেয়ে) ও গার্ল গাইড ফি বাবদ অর্থ নিম্নোক্তভাবে আদায় ও ব্যয় করা হবে।

১.৪ ধার্যকৃত ৪০.০০ (চল্লিশ) টাকার মধ্যে ২৫.০০ (পঁচিশ) টাকা স্কাউট (ছেলে ও মেয়ে) ফি হিসেবে বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায়ের মাধ্যমে স্কাউট তহবিল গঠন করা হবে। আদায়কৃত ফি এর মধ্যে ১৭.০০ (সতের) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও স্কাউট সম্পাদকের যৌথ স্বাক্ষরে স্থানীয় ব্যাংকে পৃথক সঞ্চয়ী হিসাবে জমা করতে হবে। অবশিষ্ট ৮ (আট) টাকার মধ্যে ৩.০০ (তিন) টাকা হারে সংশ্লিষ্ট জেলা স্কাউট সম্পাদক বরাবর এবং ৫.০০ (পাঁচ) টাকা হারে সংশ্লিষ্ট উপজেলা স্কাউট সম্পাদক বরাবর ক্রসড্ চেক/পে অর্ডার মারফত অবিলম্বে প্রেরণ করতে হবে।

১.৫ ধার্যকৃত ৪০.০০ (চল্লিশ) টাকার মধ্যে ১৫.০০ (পনের) টাকা গার্ল গাইড ফি হিসেবে বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায়ের মাধ্যমে গাইড তহবিল গঠন করা হবে। আদায়কৃত ফি এর মধ্যে ৯.০০ (নয়) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও গাইডারের যৌথ স্বাক্ষরে স্থানীয় ব্যাংকে পৃথক সঞ্চয়ী হিসাবে জমা করতে হবে। অবশিষ্ট ৬.০০ (ছয়) টাকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার বরাবর ক্রসড চেক/পে অর্ডারের মাধ্যমে প্রেরণ করতে হবে। জেলা শিক্ষা অফিসার ৩.০০ (তিন) টাকা হারে সংশ্লিষ্ট গাইড কমিশনার বরাবর এবং ৩.০০ (তিন) টাকা হারে সংশ্লিষ্ট স্থানীয় কমিশনার বরাবর ক্রসড্ চেক/পে অর্ডার মারফত অবিলম্বে প্রেরণ করবেন।

১.৬ স্কাউট (ছেলে ও মেয়ে) দল ও গার্ল গাইড ইউনিট পরিচালনাকারী প্রশিক্ষণ প্রাপ্ত প্রত্যেক স্কাউট (ছেলে ও মেয়ে) লিডার এবং গার্ল গাইডার মাসিক ৩০০.০০ (তিনশত) টাকা; উডব্যাজধারী লিডার এবং ওয়ারেন্ট গাইডারকে মাসিক ৪০০.০০ (চারশত) টাকা হারে প্রতিষ্ঠানের স্কাউট ও গাইড তহবিল হতে সম্মানী প্রদান করতে হবে।

১.৭ স্কাউট ও গার্ল গাইড তহবিলে জমাকৃত অর্থ কেবল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং ও গাইডিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ব্যয় হবে। স্কাউট এবং গার্ল গাইড ফি আদায় এবং আদায়কৃত অর্থ স্কাউটিং/গাইডিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে জারীকৃত নির্দেশনামা যথারীতি অনুসরণ করা না হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্টদের/কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৮ বিদ্যালয়, সমমানের মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকর্তৃক বর্ণিত কার্যক্রম যথারীতি গ্রহণ করত: এ সম্পর্কিত বাস্তবায়ন প্রতিবেদন অবিলম্বে জেলা, উপজেলা স্কাউটস/গার্ল গাইড এর সম্পাদক/কমিশনার বরাবর প্রেরণ করতে হবে।

১.৯ স্কাউট (ছেলে ও মেয়ে) দল ও গাইড দল খোলা ও সুষ্ঠুভাবে পরিচালনা, নির্ধারিত স্কাউট/গাইড ফি যথারীতি আদায়, আদায়কৃত অর্থ অবিলম্বে বিদ্যালয় স্কাউট এবং গাইড তহবিল ও উপজেলা/জেলা স্কাউট সম্পাদক/গার্ল গাইড কমিশনার বরাবর জমা দেয়া এবং কেবল স্কাউটিং ও গাইডিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ, ভবিষ্যতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান, মঞ্জুরী নবায়ন ও সরকার কর্তৃক প্রদেয় বেতন ভাতা বাবদ ভর্তুকি দানের শর্ত হিসেবে গণ্য করা হবে।

## দ্বিতীয় অধ্যায়

২.১ দেশের প্রত্যেক বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, সমমানের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে শিক্ষার্থীদের জন্য রোভার স্কাউট (ছেলে ও মেয়ে) দল এবং রেঞ্জার দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" এবং গাইডের "গঠন ও বিধি" অনুযায়ী রোভার (ছেলে ও মেয়ে) ও রেঞ্জার কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে।;

২.২ সহশিক্ষা চালু আছে এমন বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, সমমানের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে ছাত্রদের জন্য অন্তত: দুইটি রোভার স্কাউট দল, মেয়েদের জন্য একটি গার্ল ইন স্কাউটিং (রোভার) দল এবং একটি রেঞ্জার দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" এবং গাইডের "গঠন ও বিধি" অনুযায়ী রোভার (ছেলে ও মেয়ে) ও রেঞ্জার কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে;

২.৩ সকল শিক্ষার্থীর নিকট থেকে রোভার (ছেলে ও মেয়ে) ফি বাবদ মাথাপিছু ২৫.০০ (পঁচিশ) টাকা এবং রেঞ্জার ফি ১৫.০০ (পনের) টাকা বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায় করতে হবে। আদায়কৃত টাকা যথাক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রোভার তহবিলে এবং রেঞ্জার তহবিলে জমা করতে হবে;

২.৪ রোভার ফি বাবদ আদায়কৃত ২৫.০০ (পঁচিশ) টাকার মধ্যে ১৭.০০ (সতের) টাকা প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের রোভার স্কাউট সম্পাদক এর যৌথ স্বাক্ষরে পরিচালিত পৃথক ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং অবশিষ্ট ৮.০০ (আট) টাকা সংশ্লিষ্ট জেলা রোভার স্কাউট সম্পাদক বরাবর ক্রসড চেক/পে অর্ডার মারফত প্রদান করতে হবে। রেঞ্জার ফি বাবদ আদায়কৃত ১৫.০০ (পনের) টাকার মধ্যে ৮.০০ (আট) টাকা প্রতিষ্ঠান প্রধান ও রেঞ্জার গাইডার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত পৃথক ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং অবশিষ্ট ৭.০০ (সাত) টাকা সংশ্লিষ্ট জেলা গাইড কমিশনার বরাবর ক্রসড চেক/পে অর্ডার মারফত প্রদান করতে হবে;

২.৫ রোভার (ছেলে ও মেয়ে) দল ও রেঞ্জার ইউনিট পরিচালনাকারী প্রশিক্ষণ প্রাপ্ত প্রত্যেক রোভার লিডার এবং রেঞ্জার গাইডার ৩০০.০০ (তিনশত) টাকা; উডব্যাজধারী রোভার লিডার এবং ওয়ারেন্ট গাইডারকে মাসিক ৪০০.০০ (চারশত) টাকা হারে প্রতিষ্ঠানের রোভার/রেঞ্জার তহবিল হতে সম্মানী প্রদান করতে হবে;

২.৬ রোভার (ছেলে ও মেয়ে) ও রেঞ্জার তহবিলে জমাকৃত অর্থ কেবল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ব্যয় হবে। রোভার (ছেলে ও মেয়ে) ও রেঞ্জার ফি আদায় এবং আদায়কৃত অর্থ রোভারিং (ছেলে ও মেয়ে) ও রেঞ্জারিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে জারীকৃত নির্দেশনামা যথারীতি অনুসরণ করা না হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

২.৭ রোভার (ছেলে ও মেয়ে) ও রেঞ্জার দল খোলা ও সুষ্ঠুভাবে পরিচালনা, নির্ধারিত রোভার/রেঞ্জার ফি যথারীতি আদায়, আদায়কৃত অর্থ অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠানের রোভার স্কাউট এবং রেঞ্জার তহবিল ও জেলা রোভার সম্পাদক/গার্ল গাইড কমিশনার বরাবর জমা দেয়া এবং কেবল রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ, ভবিষ্যতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান, মঞ্জুরী নবায়ন ও সরকার কর্তৃক প্রদেয় বেতন ভাতা বাবদ ভর্তুকি দানের শর্ত হিসেবে গণ্য করা হবে।

৩.০ প্রথম ও দ্বিতীয় অধ্যায়ে উল্লিখিত বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সংশ্লিষ্ট আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

৪.০ জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
০৫/০৯/২০২৪
(ড. শেখ আব্দুর রশীদ)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৪.২৪.১৯০

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ / ০৫ সেপ্টেম্বর ২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,----------------------------(সকল)।
৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
৭. উপাচার্য, ............ (সকল) (পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার অনুরোধসহ)।
৮. অতিরিক্ত সচিব, (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব, (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১. বিভাগীয় কমিশনার, ..................... (সকল)।
১২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
১৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ........................... (সকল)।
১৫. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১৭. জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, ঢাকা।
১৮. জেলা প্রশাসক, ........................... (সকল) (অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৯. মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. তথ্য কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল ............................... (সকল)
২৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল............................ (সকল)
২৬. জেলা শিক্ষা অফিসার, ........................ (সকল) (সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
২৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .............................(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।
২৮. অফিস কপি।

(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২
nongovt.secondary.sec1@shed.gov.bd